
# বিদ্যাসাগর কলেজ ফর উইমেন

৩৯, শঙ্কর ঘোষ লেন, কলকাতা - ৭০০০০৬

# বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার প্রতিযোগিতা ২০২৪

(২০-২৫ সেপ্টেম্বর)



আয়োজক

**বিদ্যাসাগর কলেজ ফর উইমেন, কলকাতা**

সহযোগিতায়

**পাঁচলা মহাবিদ্যালয়, হাওড়া**

**প্রভু জগৎবন্ধু কলেজ, হাওড়া**

**বাসন্তীদেবী কলেজ, কলকাতা**

## গান, পাওয়ার পয়েন্ট উপস্থাপনা, প্রবন্ধ রচনা, তাৎক্ষনিক বক্তৃতা, অঙ্কন, নাটক, ক্যুইজ, নৃত্য মোবাইল ফটোগ্রাফী

প্রিয়,
ছাত্র ছাত্রীবৃন্দ,

বিদ্যাসাগর কলেজ ফর উইমেন প্রতি বছর ২৬শে সেপ্টেম্বর পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মবার্ষিকী উদযাপন করে। এই বছরেও পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিদ্যাসাগর কলেজ ফর উইমেন-এর উদ্যোগে ভগবতী দেবী সভাগৃহে ( অডিটোরিয়াম, নতুন ভবন, বিদ্যাসাগর কলেজ ফর উইমেন) একটি মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার ২০২৪ প্রদান করা হবে। এই উপলক্ষ্যে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের (স্নাতক স্তর) ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত প্রতিযোগিতাগুলিতে অংশগ্রহণের জন্য আহ্বান করা হচ্ছে। আমি সকল উচ্চ-শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও ছাত্রীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আন্তরিক আহ্বান জানাচ্ছি। এসো এই মঞ্চে তোমাদের সাংস্কৃতিক প্রতিভা ও নতুন চিন্তাধারা আমাদের সকলের সামনে তুলে ধরো যা আমাদের সমৃদ্ধ করবে ও জাতির বিকাশে নতুন পথ দেখাবে।



ডঃ সুতপা রায়,
অধ্যক্ষা, বিদ্যাসাগর কলেজ ফর উইমেন, কলকাতা

# প্রতিযোগিতার বিষয়সমূহ

## গান

(বাংলা ও হিন্দি – যে কোনও ভাষায়)

বিষয়

**“নিজেরে করো জয়” (“अपने आप को जीतो”)**

এই ভাবনার নিরিখে যেকোন গান

**তারিখ ও সময়**

২০/০৯/২০২৪ সকাল ৯টা

## পাওয়ার পয়েন্ট উপস্থাপনা

বিষয়

**“তোমার চোখে বিদ্যাসাগর”**

**তারিখ ও সময়**

২০/০৯/২০২৪ সকাল ১০ টা

উপস্থাপনার সময় ৫ মিনিট

# প্রবন্ধ রচনা

(বাংলা, ইংরেজি, হিন্দি ও সংস্কৃত – যে কোনও ভাষায় ৫০০ শব্দের মধ্যে)

বিষয়

## শিক্ষা ও মানবিক মূল্যবোধ
## Education and Human Values
## शिक्षा मानविक-मूल्यबोधश्च
## शिक्षा एवं मानवीय मूल्यबोध

**তারিখ ও সময়**

২১/০৯/২০২৪ সকাল ৯টা থেকে ৯.৪৫

# তাৎক্ষণিক বক্তৃতা

বিষয়

## ‘পণ্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগরের জীবন, কর্ম ও মূল্যবোধ’

**তারিখ ও সময়**

২১/০৯/২০২৪ সকাল ১০টা

বক্তৃতার সময় ৫ মিনিট

# অঙ্কন

বিষয়

## যুব শক্তি

তারিখ ও সময়

২৩/০৯/২০২৪ সকাল ৮.৩০ থেকে ১০টা

# নাটক

(বাংলা, ইংরেজি ও হিন্দি – যে কোনও ভাষায়)

বিষয়

## নারীর ক্ষমতায়ন
## Women Empowerment
## महिला सशक्तिकरण

তারিখ ও সময়

২৩/০৯/২০২৪ সকাল ১০.৩০

প্রত্যেক নাটকের জন্য সময় সর্বাধিক ১৫ মিনিট

# নৃত্য

বিষয়

## ‘অন্যায়ের বিরুদ্ধে গর্জে ওঠো’
## ‘নারী নিগ্রহের বিরুদ্ধে সোচ্চার হও’
## ‘শারীরিক ও মানসিক অত্যাচারের বিরুদ্ধে সরব হও’

........এই সমস্ত ভাবনার নিরিখে

**তারিখ ও সময়**

২৪/০৯/২০২৪ সকাল ১০টা

# ক্যুইজ

বিষয়

## সাধারণ জ্ঞান ও সাম্প্রতিক ঘটনাবলি

**তারিখ ও সময়**

২৫/০৯/২০২৪ সকাল ৯.৩০

# মোবাইল ফটোগ্রাফী
## ( অনলাইন)

## বিষয়
# ‘অচেনা ফ্রেমে চেনা শহর’

## তারিখ ও সময়
## ২৩/০৯/২০২৪
## রাত ১১টার মধ্যে নিদিষ্ট মেলে পাঠাতে হবে।

# নিয়মাবলী
## (সমস্ত বিভাগের জন্য)

১. বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র স্নাতক স্তরের ছাত্র ও ছাত্রীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে।
২. গানের প্রতিযোগীদের কোন রকম বাদ্যযন্ত্রের ব্যবহার ছাড়া খালি গলায় গান গাইতে হবে।
৩. পাওয়ার পয়েন্ট উপস্থাপনা (PPT Presentation) প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নির্দিষ্ট বিষয়ের উপর পাঁচ থেকে সাত মিনিট বলার মত স্লাইড নিজস্ব পেন ড্রাইভে নিয়ে আসতে হবে অথবা আমাদের প্রদত্ত মেলে প্রতিযোগিতার আগে পাঠিয়ে রাখতে হবে। প্রতিযোগিতার দিন তা উপস্থাপন করতে হবে।

৪. প্রবন্ধ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের প্রত্যেককে লেখার জন্য আমাদের কলেজের লোগো যুক্ত কাগজ ও পেন দেওয়া হবে।
৫.তাৎক্ষণিক বক্তৃতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের মূল বিষয় ভাবনার অন্তর্বর্তী উপ-বিষয় গুলি প্রতিযোগিতার দিন লটারীর মধ্যমে প্রতিযোগী নির্বাচন করবে, যার ওপর তাকে পাঁচ মিনিট বলার সুযোগ দেওয়া হবে।
৬. অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আকাঁর সরঞ্জাম (যে কোনও মাধ্যম) নিয়ে আসতে হবে। কেবলমাত্র আঁকার কাগজটি দেওয়া হবে।
৭. নাটকে দলগত অংশগ্রহণের জন্য অনুরোধ করা হচ্ছে। প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সর্বাধিক দুটি দল অংশ নিতে পারে।
৮. নৃত্য পরিবেশনার জন্য নির্বাচিত বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক গান প্রতিযোগীকে একটি পেনড্রাইভে সঙ্গে নিয়ে আসতে হবে । প্রত্যেক প্রতিযোগীকে নৃত্য পরিবেশনের জন্য তিন থেকে চার মিনিট সময় দেওয়া হবে।
৯. মোবাইল ফটোগ্রাফী (অনলাইন) প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের নির্দিষ্ট বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক ছবি (মোবাইলে তোলা) ২৩/৯/২০২৪ তারিখে রাত ১১টার মধ্যে vcfwcompetitions2024@gmail.com -- এই মেল আইডি তে পাঠাতে হবে, সঙ্গে দিতে হবে প্রতিযোগীর নাম, প্রতিষ্ঠানের নাম, ফোন নম্বর, এবং প্রতিষ্ঠান প্রদত্ত যেকোন আই কার্ডের ছবি ।
১০. প্রত্যেক অংশগ্রহণকারীকেই শংসাপত্র প্রদান করা হবে।
১১. প্রতিটি প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী পুরস্কার দেওয়া হবে। নাটকের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী দল ও সেরা শিল্পীকে পুরষ্কার দেওয়া হবে।
১২. প্রত্যেক প্রতিযোগিতার আগের দিন বিকেল পাঁচটার মধ্যে প্রতিযোগীকে তার নাম নথিভুক্ত করতে হবে। প্রত্যেককে গুগল ফর্মের মাধ্যমে নাম নথিভুক্ত করতে হবে। এবং আমদের প্রতিযোগিতার জন্য যে হোয়াটসঅ্যাপ গ্রুপ থাকবে সেখানে যোগ দিতে হবে। এই সমস্ত লিঙ্ক নিয়মাবলীর শেষে দেওয়া থাকবে।

১৩. যদি কোন প্রতিযোগীর গুগল ফর্ম  পূর্ণ করতে  বা হোয়াটসঅ্যাপ গ্রুপে যোগ দিতে অসুবিধা হয়,তারা অবশ্যই আমাদের সঙ্গে ফোনে যোগাযোগ করতে পারেন।

১৪. প্রতিযোগীরা একাধিক প্রতিযোগিতায় অংশ নিতে পারে এবং যে প্রতিযোগী একক ভাবে সর্বোচ্চ পুরস্কার পাবে তাকে প্রতিযোগিতার সেরার পুরস্কার দেওয়া হবে।

১৪. প্রতিযোগীদের রেজিস্ট্রেশনে কোন রকম টাকা লাগবে না।

১৫. প্রত্যেক প্রতিযোগীকে প্রতিযোগিতা শুরু হওয়ার ৩০ মিনিট আগে আসার অনুরোধ করা হচ্ছে।

# রেজিস্ট্রেশন
# লিঙ্ক

https://forms.gle/WtDGtwJKwBd6xbsE6

স্ক্যান করুন

## হোয়াটসঅ্যাপ গ্রুপ

স্ক্যান করুন

## যোগাযোগ

অধ্যাপক সুজন সিনহা ৭০৪৪৯৩১৪৩০
অধ্যাপক অর্ণব কয়াল ৮২৯৬১৯৭২৩৩
ই-মেল - vcfwcompetitions2024@gmail.com